৩৫

দৈনিক
ইনকিলাব

তারিখ ... SEP 11 2006 ...
পৃষ্ঠা ১৯ কলাম ৭

# সাক্ষরতা সর্বজনীন করা প্রচেষ্টা সফল হবে

## –খালেদা জিয়া

বাসস ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জি
আশা প্রকাশ করে বলেছেন, সাক্ষরতা
সর্বজনীন করার ক্ষেত্রে তার সরকারের সব
প্রচেষ্টা দেশের সব বয়সের মানুষ
বর্ণমালার সঙ্গে পরিচয় করিয়ে দেয়
মাধ্যমে সাফল্য লাভ করবে।

গতকাল ওসমানী স্মৃতি মিলনায়ত
'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৬'-এ
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলে
'আগামীতে বাংলাদেশের উন্নয়নের ইতিহ
যারা লিখবেন, তারা যদি আমাদের বর্তম
সময়কালকে শিক্ষা, নারী শিক্ষা এ
প্রাথমিক ও গণশিক্ষা প্রসারের সময় হিসে
চিহ্নিত করেন তাহলে আমি সবচেয়ে বে
খুশি হবো।'

তার সরকারের শিক্ষার ওপর সর্বাধিক গুরু
দেয়ার কারণ ব্যাখ্যা করে প্রধানমন্ত্রী বলে
সমান অধিকারের আধুনিক ধ্যান-ধার
প্রয়োগ এবং গণতান্ত্রিক ভাবাদর্শে
কার্যকারিতা শিক্ষা ছাড়া সম্ভব নয়।

প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা বিষয়
উপদেষ্টা অধ্যাপক জাহানারা বেগমে
সভাপতিত্বে এ উদ্বোধনী অনুষ্ঠানে আ
বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব
কে এম শামসুদ্দিন।

মন্ত্রিবর্গ, সংসদ সদস্যবৃন্দ, বিভিন্ন উন্নয়
সংস্থার প্রতিনিধি, শিক্ষকবৃন্দ ও সরকা
কর্মকর্তারা অন্যান্যের মধ্যে অনুষ্ঠা
উপস্থিত ছিলেন।

এ বছর সাক্ষরতা দিবসের প্রতিপাদ্য হ
'টেকসই উন্নয়নে সাক্ষরতা'।

প্রধানমন্ত্রী সন্ত্রাস দমন, দারিদ্র্য বিমোচ
শিক্ষা বিস্তার ও স্বাস্থ্য সেবা উন্নয়নে তা
সরকারের সাফল্যের বিবরণ দিয়ে বলে
গত পাঁচ বছরে সরকারের কর্মপ্রয়াসের সুফ
ইতোমধ্যে দৃষ্টিগোচর হচ্ছে।

তিনি বলেন, সরকার খাদ্য, বস্ত্র ও শিক্ষাস
জনগণের মৌলিক চাহিদাসমূহ মেটাবা
লক্ষ্যে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানে
১৯ দফা কর্মসূচী বাস্তবায়ন করছে।